



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নম্বর : ০২৪৭-৮১২৫৩২ মোবাইল : ০১৩০৯-১২৭০৪৩

web: www.rmscrj.edu.bd e-mail: mail.rmssc@gmail.com

EIN NO: 127043, COLLEGE CODE : 1032, SCHOOL CODE: 1975

অ্যাসাইনমেন্ট

শ্রেণি: পঞ্চম

বিষয়: বাংলা

নিচের অনুচ্ছেদটি (পাঠ্য বই থেকে) পড়ে ১ ও ২ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ:

দিনটি ছিল একাত্তরের ৮ই এপ্রিল। ঐদিন মুক্তিযোদ্ধারা পাকিস্তানি নৌসেনাদের উপর আক্রমণ করবে। এজন্যে তাঁরা মহালছড়ির কাছে বুড়িঘাট এলাকার চিংড়ি খালের দুইপাশে অবস্থান গ্রহণ করেন। পাকিস্তানি সৈন্যরা মুক্তিযোদ্ধাদের আক্রমণ করতে এগিয়ে আসে। সাথে নিয়ে আসে সাতটি স্পিডবোট আর দুটি মোটর লঞ্চ। স্বল্পসংখ্যক মুক্তিযোদ্ধার মৃত্যু ছিল অবধারিত। তবু মুক্তিযোদ্ধারা পালিয়ে যান নি। আবদুর রউফ নিজেই দায়িত্ব নিলেন নিজের জীবন দিয়ে সবাইকে রক্ষা করার। হালকা একটা মেশিনগান হাতে তুলে নিয়ে গুলি ছুঁড়ে শত্রুদের রুখে দিতে থাকলেন। সহযোদ্ধাদের বললেন নিরাপদে সরে যেতে। মুক্তিযোদ্ধাদের আক্রমণে পাকিস্তানিদের সাতটি স্পিডবোটই ডুবে গেল। বাকি লঞ্চ দুটো থেকে গুলি ছুঁড়তে ছুঁড়তে তারা পিছু হটতে থাকল। এ রকম মুহুর্তেই হঠাৎ একটা গোলা এসে পড়ল তাঁর উপর, তিনি শহিদ হলেন। বীরের রক্তস্রোতে রঞ্জিত হলো মাটি। রাঙামাটি জেলার বোর্ড বাজারের কাছে নানিয়াচরের চিংড়িখালের কাছাকাছি একটি টিলার উপর উপর সমাহিত হন বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ: (যে কোন পাঁচটি)

রক্তরঞ্জিত, অবধারিত, হালকা, রণক্ষেত্র, নিরাপদ, সমাহিত, বীরশ্রেষ্ঠ।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

- ক) মুক্তিযোদ্ধারা কোথায় অবস্থান গ্রহণ করেছিলেন?
- খ) মুক্তিযোদ্ধারা কীভাবে পাকিস্তানি সৈন্যদের পিছু হটতে বাধ্য করেছিলেন? বর্ণনা কর।
- গ) বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আবদুর রউফ কীভাবে শহিদ হয়েছিলেন? বর্ণনা কর।

৩। যুক্তবর্ণ বিভাজন করে দেখাও ও একটি করে বাক্য গঠন কর। (যে কোন পাঁচটি)

ধঃ, ক্ষ, চ্ছ, ভ্র, ন্দ, ষ্ট, শ্চ

৪। নিচের কবিতাংশটি পড়ে ক ও খ নম্বর ক্রমিক প্রশ্নের উত্তর লেখ:

“শিক্ষকে কন- ‘জাঁহাপনা, আমি বুঝিতে পারি নি, হয়,
কী কথা বলিতে আজিকে আমায় ডেকেছেন নিরালায়?’

বাদশাহ কহেন, ‘সেদিন প্রভাতে

দেখিলাম আমি আমি দাঁড়ায়ে তফাতে

নিজ হাতে যবে চরণ আপনি করেন প্রক্ষালন,

পুত্র আমার জল ঢালি শুধু ভিজাইছে ও চরণ।

নিজ হাতখানি আপনার পায়ে বুলাইয়া সযতনে

ধুয়ে দিল নাক কেন সে চরণ, বড় ব্যথা পাই মনে।”

ক) কবিতাংশটির কবিতার ও কবির নাম লেখ।

খ) কবিতাংশটির মূলভাব নিজের ভাষায় লেখ।

Class: Five

Subject: English

Read the text and answer the questions 1, 2 and 3.

Sometimes the food we like to eat isn't the healthiest food for us. The Food Pyramid helps us to understand the different food groups, and it tells much of each food group we should eat.



Look at the picture of the Food Pyramid. We eat more of the foods at the bottom of the pyramid. What foods do you see at the bottom? These are things made from grain, for example, rice, roti and bread. Potatoes are not grains, but they are similar. Grains give us energy.

Fruit and vegetables are in the next level of the pyramid. These are also very important for us. They have vitamins. They help our eyes and our health. On the next level, there are fish, meat, dairy products, beans and lentils. Meat, fish and chicken have protein. Beans and lentils do, too! Dairy products are things like milk and eggs. They help our teeth and bones. Protein and dairy make us strong. Fat and oil are at the top of the Food Pyramid. These make food delicious, but our body doesn't need very much of them. Sometimes we can't get food from all the different food groups. But when we have choices about food, we need to make good choices.

1. Fill in the blanks with suitable word from the box.

quantity	group	grain	fat	oil	healthy	vitamins	minerals
----------	-------	-------	-----	-----	---------	----------	----------

- If you eat healthy foods, you will be
- Foods made from gives us energy.
- To keep fit, we should eat right of food.
- helps our eyes.
- There are five of food in the Food Pyramid

2. Answer the following questions.

- Which foods do you see at the base of the Pyramid?
- What foods are important for health?
- What kinds of foods we should eat moderately?
- What does the chart of Food Pyramid tell us?
- How does vitamin help us?

3. Suppose you are Miraj. You are a student of class five. You are very weak in English. You want to improve in English. Write a composition about how you can improve in English.

4. Fill in the blanks by writing the times so that the story makes a sense.

Write am or pm with the time.

I am Sarwar. Every day I attend five periods at school. The first period starts at (a) The second period starts at (b) The third starts at (c) The fourth starts at (d) After the fourth period, I get Tiffin-break for 20 minutes. Then the fifth period begins and it finishes at (e)

শ্রেণি: পঞ্চম

বিষয়: গণিত

১। কোনো ছাত্রাবাসে ৫০০ জন ছাত্রের ৫০ দিনের খাবার আছে। ১০ দিন পর ঐ ছাত্রাবাসে আরও ৩০০ জন নতুন ছাত্র আসল। প্রতি ছাত্রের মাসিক খাবার খরচ ২৫০০ টাকা।

- নতুন ছাত্র আসায় মোট ছাত্র কত হলো?
- ৮০০ জন ছাত্রের মাসিক খাবার খরচ কত?
- নতুন ছাত্র আসায় ছাত্রাবাসে মাসিক খাবার খরচ কত?
- বাকি খাদ্যে ছাত্রদের কত দিন চলবে?

২। সোহেল ও হামিদার প্রি-টেস্ট পরীক্ষার ৫টি বিষয়ের প্রাপ্ত নম্বর নিচের ছকে দেওয়া হলো:

নাম	বাংলা	গণিত	ইংরেজি	বিজ্ঞান	বা ও বি
সোহেল	৬৮	৯৫	৫৬	৯০	৬৫
হামিদা	৭২	৭৯	৮৪	৮০	৮৫

- সোহেলের প্রাপ্ত নম্বরের সমষ্টি কত?
- সোহেলের বাংলা, গণিত ও ইংরেজিতে প্রাপ্ত নম্বরের গড় কত?
- হামিদার ইংরেজি, বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় এ প্রাপ্ত নম্বরের গড় কত?
- সোহেল ও হামিদার প্রত্যেকের মোট প্রাপ্ত নম্বরের গড় কত?

৩। তোমার কাছে কম্পাস, পেনসিল, স্কেল, রাবার ইত্যাদি আছে।

- যেকোন ব্যাসার্ধের একটি বৃত্ত আঁক এবং বিভিন্ন অংশ চিহ্নিত কর।
- অংকিত বৃত্তের দুইটি বৈশিষ্ট্য লিখ।